

রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

সকল শাখা, আঞ্চলিক কার্যালয়
কর্পোরেট শাখা, স্থানীয় কার্যালয়
আরবিটিআইসহ প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতিঃ-

সার্কুলার নং : প্রকা/উন্নয়ন/০৮
তারিখ : ১৪-০৬-২০১০ইং

বিষয় :- সঞ্চয়ী ও এসএনডি হিসাবের উপর চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৩-০৫-২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১৯ “ Master Circular on Schedule of Charges ” এবং ১৬-০৫-২০১০ তারিখের ২০নং সার্কুলার “Special Notice Deposit (SND)” হিসাব পরিচালনা বিষয়ক নির্দেশনার পরিপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদের ১২-০৬-২০১০ ইং তারিখে অনুষ্ঠিত ৮২৪ তম সভার অনুমোদন মোতাবেক অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার নম্বর প্রকা/উন্নয়ন/২০০৯/১১ তারিখ ০১-১১-২০০৯ এবং সার্কুলার নম্বর প্রকা/উন্নয়ন/২০১০/০২ তারিখ ০৫-০৪-২০১০ এর অন্যান্য সেবা খাতের ফি, চার্জ ও কমিশনের হার বলবৎ রেখে নিয়োক্ত সেবা খাতের ফি, চার্জ ও কমিশনের হার পুনঃ নির্ধারণ করা হলো।

ক্রমিক নং	সেবা খাতের নাম	বর্তমান ফি/চার্জ	পুনঃনির্ধারিত ফি/চার্জ
১।	একাউন্ট মেইনটেনেন্স ফি(মাস্মাসিক ভিত্তিতে)	১) সঞ্চয়ী হিসাবের টাঃ ১০০/ (কৃষকদের সঞ্চয়ী হিসাব ব্যতীত)	১। সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রেঃ- ক) ৫০০০/- টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে ফি প্রযোজ্য হবে না। খ) ২৫০০০/- টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে ফি টাঃ ১০০/- গ) ২৫০০০/- টাকার উর্দে গড় আমানত স্থিতির ক্ষেত্রে ফি টাঃ ২০০/-
		২) চলতি ও এসএনডি হিসাবে টাঃ ৩০০/-	২। চলতি ও এসএনডি হিসাবে টাঃ ৩০০/-।
২।	হিসাব বন্ধকরণ ফি	১। সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে টাঃ ২০০/-। ২। চলতি হিসাবের ক্ষেত্রে টাঃ ৩০০/-	১। সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে টাঃ ২০০/- ২। চলতি হিসাবের ক্ষেত্রে টাঃ ৩০০/- ৩। এসএনডি হিসাবের ক্ষেত্রে টাঃ ৩০০/-

- * বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং ১০ তারিখ ৩০-০৬-২০০৯ইং এ বর্ণিত নির্দেশনানুযায়ী disclosure requirement পরিপালন ও গ্রাহকের সুবিধার্থে Schedule of Charges এর তালিকা অবশ্যই শাখার দর্শনীয় স্থানে প্রদর্শন করার জন্য পরামর্শ দেয়া হলো।
- * অত্র ব্যাংকের ওয়েব সাইটে সংশ্লিষ্ট সার্কুলারটি প্রদর্শনের ব্যবস্থা নেয়ার জন্য কম্পিউটার বিভাগকে পরামর্শ প্রদান করা হলো।

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ এনামুল ইসলাম খান)
মহাব্যবস্থাপক